ভল্টের ফাইনালে প্রণতি

তুরস্কের আন্তালিয়ায় অ্যাপারেটাস ওয়ার্ল্ড কাপ জিমন্যাস্টিক্সে ভল্টের ফাইনালে উঠলেন প্রণতি নায়েক। এই বঙ্গতনয়া কোয়ালিফিকেশন রাউন্ডে তৃতীয় হয়েছেন। তাঁর স্কোর ১৩.৩১৭। ফাইনালে প্রণতির পদকের আশা দেখছেন কোচ অশোক কুমার মিশ্র।

গোলের পর রোনাল্ডোর সামনেই ‘সিউউউ...’ সেলিব্রেশন হয়লানের। দূরে দাঁড়িয়ে দেখছেন সিআর সেভেন। ছবি: এক্স

নেশনস্ লিগে স্পেনের ড্র, জয় জার্মানির

হার রোনাল্ডো, এমবাপেদের

আজকালের প্রতিবেদন

নেশনস্ লিগের কোয়ার্টার ফাইনালে পরপর হাইভোল্টেজ ম্যাচ। বৃহস্পতিবার রাতে শেষ আটের প্রথম লেগে ৪টি খেলা ছিল। একদিকে, ডেনমার্কের কাছে ০–১ পরাজিত পর্তুগাল। অন্য দিকে, ক্রোয়েশিয়া ২–০ হারিয়েছে ফ্রান্সকে। আরও দুটি ম্যাচের একটিতে ইতালির বিরুদ্ধে ২–১ জয়ী জার্মানি। ২–২ ড্র হয়েছে হল্যান্ড বনাম স্পেনের খেলা। আগামী রবিবার রাতে ফিরতি পর্বের ম্যাচে মুখোমুখি হবে এই ৮টি দল।

গত নভেম্বরে নিজেদের শেষ ম্যাচে ক্রোয়েশিয়ার সঙ্গে ১–১ ড্র করেছিল পর্তুগাল। এদিন ডেনমার্কের বিরুদ্ধে শুরু থেকেই নড়বড়ে ছিল পর্তুগিজ রক্ষণ। প্রথমার্ধে একাধিকবার গোলের কাছে পৌঁছে গিয়েছিল ড্যানিশরা। কিন্তু কাঙ্ক্ষিত লিড আসেনি। অন্য দিকে, রোনাল্ডো, ব্রুনো ফার্নান্ডেজরাও বেশ কয়েকবার গোলমুখ খোলার চেষ্টা করে ব্যর্থ হন। তবে দ্বিতীয়ার্ধে ম্যাচের মোড় ঘুরিয়ে দেন ডেনমার্কের সুপার–সাব রাসমাস হয়লান। ৭৮ মিনিটে গোল করেন তিনি। তারপর রোনাল্ডোর সামনেই ‘সিউউউ...’ সেলিব্রেশন করেন হয়লান। যা দেখে অবাক খোদ সিআর সেভেনও। পরে অবশ্য হয়লান জানান, রোনাল্ডো তাঁর আইডল। তাই গোলের পর ওঁর মতো সেলিব্রেশন করেছেন।

এদিকে, ক্রোয়েশিয়ার বিরুদ্ধে দাঁড়াতেই পারল না ফরাসি ব্রিগেড। কিলিয়ান এমবাপে, কোলো মুয়ানি, ওসমান ডেম্বেলে—সবাই ব্যর্থ। আঁতে বুদিমিরের গোলে ২৬ মিনিটে ১–০ এগিয়ে যায় ক্রোটরা। এরপর প্রথমার্ধের সংযুক্তি সময়ে ব্যবধান বাড়ান ইভান পেরিসিচ। পরপর দু’গোল হজম করে আর ম্যাচে ফিরতে পারেনি ফ্রান্স।

এদিকে, ইতালি শুরুতে এগিয়েও লিড ধরে রাখতে পারেনি। ৯ মিনিটে গোল করেন ইতালির স্যান্ড্রো টোনালি। প্রথমার্ধে পিছিয়ে থাকলেও বিরতির পরই সমতা ফেরান জার্মানির টিম ক্লেনডিয়েনস্ট। শেষদিকে জার্মানিকে ২–১ এগিয়ে দেন লিওন গোরেৎস্কা।

আর একটি ম্যাচে হাড্ডাহাড্ডি লড়াই হল স্পেন ও হল্যান্ডের। ২০১০ বিশ্বকাপের এই দুই ফাইনালিস্ট দল একে অপরের বিরুদ্ধে মাঠে নামা মানেই যুদ্ধ যুদ্ধ মেজাজ। সেই মেজাজটাই দেখা গেল পুরো ম্যাচে। ৯ মিনিটে নিকো উইলিয়ামসের গোলে এগিয়ে যায় স্পেন। এরপর কোডি গাকপোর গোলে হল্যান্ড ম্যাচে ফেরে। বিরতির পরই রেন্ডার্স ২–১ করে ডাচ শিবিরকে লিড এনে দেন। শেষদিকে বিপত্তি! ফাউল করে লাল কার্ড দেখেন হল্যান্ডের জোরেল। বিপক্ষ ১০ জন হয়ে যেতেই চাপ বাড়ায় স্পেন। অবশেষে সংযুক্তি সময়ে মিকেল মেরিনো গোল করে স্পেনকে হারের হাত থেকে বাঁচান।

ম্যাচ শেষের পর হতাশ এমবাপে। ছবি: এএফপি

৪৪ বলে শতরান নওয়াজের

আজকালের প্রতিবেদন

অভিষেক ম্যাচে শূন্য। পরের ম্যাচেও শূন্য। হয়তো বাদই পড়তেন। কিন্তু তৃতীয় ম্যাচেই জ্বলে উঠল হাসান নওয়াজের ব্যাট। মাত্র ৪৪ বলে করলেন দুরন্ত শতরান। টি২০ তে পাক ব্যাটারদের মধ্যে দ্রুততম শতরান এল নবাগত নওয়াজের ব্যাট থেকেই। এর আগে এই রেকর্ড ছিল বাবর আজমের (দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ৪৯ বলে শতরান)।

প্রথম দুই টি২০ ম্যাচেই হেরেছিল পাকিস্তান। অকল্যান্ডে এবার জয় এল ৯ উইকেটে। নিউজিল্যান্ডের ইনিংস গুটিয়ে যায় ২০৪ রানে। মার্ক চাপম্যান ৯৪। হ্যারিস রউফ ৩/২৯। শাহিন শাহ আফ্রিদি, আব্রার আহমেদ, আব্বাস আফ্রিদি নিলেন দুটি করে উইকেট। জবাবে, ১৬ ওভারেই প্রয়োজনীয় রান তুলে নিল পাকিস্তান। ৪৫ বলে ১০৫ রানে অপরাজিত রইলেন নওয়াজ। অধিনায়ক সলমন আঘা অপরাজিত ৫১ (৩১)। পাঁচ ম্যাচের সিরিজে নিউজিল্যান্ড ২–১ ব্যবধানে এগিয়ে।

জয়ী লাল–হলুদ

ইন্ডিয়ান উওমেন্স লিগে (আইডব্লুএল) দারুণ জয় পেল ইস্টবেঙ্গল। শুক্রবার চেন্নাইয়ে জওহরলাল নেহরু স্টেডিয়ামে লাল–হলুদের প্রমীলা ব্রিগেড ৪–২ ব্যবধানে হারিয়েছে সেতু এফসি–কে। ইস্টবেঙ্গলের জোড়া গোল এলসাদাইয়ের। বাকি দুটি গোল করেন রেস্টি এবং সৌম্যা।

হকি ফাইনালে

কলকাতা হকি লিগে প্রথম ডিভিশন গ্রুপ ‘এ’–র ম্যাচে দাপটে জয় পেল ইস্টবেঙ্গল। শুক্রবার হাওড়ার ডুমুরজলা স্টেডিয়ামে তারা ৫–১ ব্যবধানে হারিয়েছে বিএনআর–কে। এই জয়ে ফাইনালে উঠল লাল–হলুদ। তাদের গোল নভজ্যোৎ সিং (২), প্রমোদ, জামির, জাইদের।

বৈঙ্ক ऑफ़ बड़ौदा Bank of Baroda

গড়িয়া স্টেশন রোড ব্রাঞ্চ
বিজয় কিরণ, ২১৫, গড়িয়া স্টেশন রোড
পোঃ গড়িয়া, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৮৪

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) রুল ৮(১) পরিশিষ্ট IV

যেহেতু: **ব্যাঙ্ক অফ বরোদা, গড়িয়া স্টেশন রোড ব্রাঞ্চ**–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২– এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন **১১.১১.২০২৪** ঋণগ্রহীতাগণ: **শ্রী অরুপ সাসমল, পিতা-ধনঞ্জয় সাসমল এবং শ্রীমতি লিপি সাসমল, স্বামী-শ্রী অরুপ সাসমল, দক্ষিণ শিবগঞ্জ, পাথর প্রতিমা, জেলা দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ, পিন-৭৪৩৩৭১**-এর প্রতি যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে **₹ ৯,০৮,১৯৯.৯৯ (নয় লক্ষ আট হাজার একশো নিরানব্বই টাকা ও নিরানব্বই পয়সা মাত্র) ০৯.১১.২০২৪ অনুযায়ী (সুদ ০৯.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত) সহ তারিখ পর্যন্ত অধার্যকৃত সুদ, চার্জ সমেত** সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার প্রতি আহ্বান জানানো হয়েছিল।

উক্ত ঋণগ্রহীতা/জামিনদারগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/জামিনদারগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **১৯ মার্চ ২০২৫** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ এবং ৯ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষ করে উক্ত ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সর্তক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও প্রকার লেনদেন **₹ ৯,০৮,১৯৯.৯৯ (নয় লক্ষ আট হাজার একশো নিরানব্বই টাকা ও নিরানব্বই পয়সা মাত্র) ০৯.১১.২০২৪ অনুযায়ী (সুদ ০৯.১১.২০২৪ পর্যন্ত সুদ প্রযুক্ত) সহ তারিখ পর্যন্ত অধার্যকৃত সুদ, সহ আরও সুদ, চার্জ ও খরচাপাতি সমেত নিম্নোক্ত অর্থাঙ্কের প্রেক্ষিতে ব্যাঙ্ক অফ বরোদার দায় সাপেক্ষ হবে।**

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান মোতাবেক প্রাপ্য মেয়াদের মধ্যে এই জামিনযুক্ত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার/ জামিনদারের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

এবং আরও যেহেতু, ব্যাঙ্ক অফ বরোদা, গড়িয়া স্টেশন রোড ব্রাঞ্চ–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২– এর রুল ৩ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন **১১.১১.২০২৪ ঋণগ্রহীতা: মেসার্স এস. এস. ফুটওয়্যার, স্বত্বা শ্রী অরুপ সাসমল, পিতা-ধনঞ্জয় সাসমল, দক্ষিণ শিবগঞ্জ, পাথর প্রতিমা, জেলা দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ, পিন-৭৪৩৩৭১**-এর প্রতি যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে **₹ ১০,৩২,৩২৯.৮৪ (দশ লক্ষ বত্রিশ হাজার তিনশো উনত্রিশ টাকা ও চুরাশি পয়সা মাত্র) ০৯.১১.২০২৪ অনুযায়ী (সুদ ০৯.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত) সহ তারিখ পর্যন্ত অধার্যকৃত সুদ, চার্জ সমেত সংশ্লিষ্ট বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার প্রতি আহ্বান জানানো হয়েছিল।**

উক্ত ঋণগ্রহীতা/জামিনদারগণ দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/জামিনদারগণ এবং জনসাধারণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী ১৯ মার্চ ২০২৫ তারিখে উক্ত রুল সমূহের রুল ৮ এবং ৯ সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে তাঁর ওপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।

বিশেষ করে উক্ত ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সর্তক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে-কোনও প্রকার লেনদেন **₹ ১০,৩২,৩২৯.৮৪ (দশ লক্ষ বত্রিশ হাজার তিনশো উনত্রিশ টাকা ও চুরাশি পয়সা মাত্র) ০৯.১১.২০২৪ অনুযায়ী (সুদ ০৯.১১.২০২৪ পর্যন্ত প্রযুক্ত) তারিখ পর্যন্ত অধার্যকৃত সুদ, আরও সুদ, চার্জ ও খরচাপাতি সমেত নিম্নোক্ত অর্থাঙ্কের প্রেক্ষিতে ব্যাঙ্ক অফ বরোদার দায় সাপেক্ষ হবে।**

উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান মোতাবেক প্রাপ্য মেয়াদের মধ্যে এই জামিনযুক্ত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার/ জামিনদারের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

প্রায় ০১ ডেসিমেল জমির সকল অপরিহার্য অংশ সহ দ্বিতল বিল্ডিং (গ্রাউন্ড ফ্লোর ব্যবসায়িক এবং ফার্স্ট ফ্লোর বাসযোগ্য) এর সমবন্ধক নামাঙ্কিত শ্রী অরুপ সাসমল, অবস্থিত গ্রাম ও মৌজা-দক্ষিণ শিবগঞ্জ, জে.এল. নং ১৭৯/৫৩, তৌজি নং ২৮৯২, অন্তর্গত আর.এস. ও এল.আর. দাগ নং ৪৫, অধীনস্থ এল.আর. খতিয়ান নং ২৩৩৪, পাথর প্রতিমা গ্রাম পঞ্চায়েত অধীনে, থানা-পাথর প্রতিমা, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ। সম্পত্তির চৌহদ্দি: উত্তরে: সীমানার বাঁধ, দক্ষিণে: দাগ নং ৪৫ অধীনে রাস্তা, পূর্বে: অশোক কুমার সাসমলের জমি, পশ্চিমে: দাগ নং ৪৫ অধীনে জমির অংশ। (উক্ত সম্পত্তি মেসার্স এস. এস. ফুটওয়্যার ক্ষেত্রেও সমবন্ধকের বৃদ্ধি)

তারিখ: ১৯.০৩.২০২৫ **অনুমোদিত আধিকারিক**
স্থান: কলকাতা **ব্যাঙ্ক অফ বরোদা**

বিশ্বকাপে গেল জাপান

প্রথম দল হিসেবে ২০২৬ বিশ্বকাপে যোগ্যতা অর্জনের পর উচ্ছ্বসিত জাপান।

আজকালের প্রতিবেদন

দেখতে দেখতে আরও একটি ফুটবল বিশ্বকাপ প্রায় এসেই গেল। ২০২২ সালে কাতারে বসেছিল বিশ্বকাপের আসর। আগামী বছর বিশ্বকাপ হবে আমেরিকা, কানাডা ও মেক্সিকোয়। তার আগে এখন বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচ চলছে। সেই যোগ্যতা অর্জনের ম্যাচ জিতে প্রথম দেশ হিসেবে ২০২৬ বিশ্বকাপে খেলার ছাড়পত্র পেয়ে গেল জাপান।

বৃহস্পতিবার রাতে সাইতামা স্টেডিয়ামে বাহরিনের বিরুদ্ধে ২–০ ব্যবধানে জয়ী জাপান। ম্যাচের প্রথমার্ধ ছিল গোলশূন্য। ৬৬ মিনিটে দিয়াচি কামাদা জাপানের হয়ে প্রথম গোলটি করেন। ৮৭ মিনিটে জয়ের ব্যবধান বাড়ান তাকেফুসা কুবো। বাহরিনকে হারিয়ে ৭ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে গ্রুপ শীর্ষে থেকেই আগামী বিশ্বকাপে জায়গা পাকা করল ‘সি’ গ্রুপে থাকা জাপান। এই নিয়ে টানা আটবার বিশ্বকাপ খেলবে এশিয়ার এই দেশটি।

উল্লেখ্য, ২০২৬ বিশ্বকাপে আয়োজক তিন দেশ মিলিয়ে মোট ৪৮টি দল খেলবে। তার মধ্যে এশিয়া থেকে অংশ নেবে ৮টি দেশ।

ভিনির গোলে ব্রাজিলের জয়

আজকালের প্রতিবেদন

শেষ মুহূর্তের গোলে ভিনিসিয়াস জুনিয়র ব্রাজিল সমর্থকদের একটু নয়, অনেকটা স্বস্তি দিলেন। তাঁর গোলেই জয় পেল সেলেকাওরা। বৃহস্পতিবার রাতে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে গুরুত্বপূর্ণ ম্যাচে ব্রাজিল ২–১ ব্যবধানে হারিয়েছে কলম্বিয়াকে। এদিন ড্র করলে সাউথ আমেরিকান গ্রুপে ছয়ে নেমে যেত ব্রাজিল। ফলে প্রবল অস্বস্তিতে পড়তে হত তাদের। কলম্বিয়াকে হারিয়ে সেলেকাওরা উঠে এল দুইয়ে। ৬ মিনিটে পেনাল্টি থেকে ব্রাজিলকে এগিয়ে দিয়েছিলেন রাফিনহা। বিরতির আগে কলম্বিয়াকে সমতায় ফেরান লুইস ডিয়াজ। দ্বিতীয়ার্ধে লড়াই হয়েছে সেয়ানে সেয়ানে। গোল পাওয়ার জন্য দুই দলই মরিয়া হয়ে ওঠে। কিন্তু বাজিমাত করে ব্রাজিলই। সংযুক্তি সময়ের ৯ মিনিটে রাফিনহার অ্যাসিস্টে দূরপাল্লার শটে কলম্বিয়ার জালে বল জড়িয়ে দেন ভিনি। ম্যাচের পর তিনি বলেছেন, ‘যোগ্য দল হিসেবেই আমরা জিতেছি। এই জয়টা খুব গুরুত্বপূর্ণ। জিতে সত্যিই হালকা লাগছে।’

আগামী বছর বিশ্বকাপের আসর বসবে কানাডা, মেক্সিকো এবং আমেরিকায়। সাউথ আমেরিকান গ্রুপের প্রথম ছয় দল খেলবে বিশ্বকাপে। এদিন ছয়ে নেমে গেলে ব্রাজিলের ওপর থাকত প্রচণ্ড চাপ। কারণ সামনের সপ্তাহেই রয়েছে মহারণ। সেলেকাওদের বুয়েনস এয়ার্সে গিয়ে খেলতে হবে চিরপ্রতিদ্বন্দ্বী আর্জেন্টিনার সঙ্গে। গতবারের বিশ্বজয়ীরা তালিকায় আছে শীর্ষে।

সুরক্ষিত সম্পত্তির থেকে অস্থাবর পরিসম্পদ সরানোর জন্য অবগত করা

এতদ্দ্বারা জনসাধারণের অবগতির জন্য এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (এআরসিআইএল) হল সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট) অধীনে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কে নিবন্ধীকৃত একটি সিকিউরিটাইজেশন অ্যান্ড অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি। বিভিন্ন ব্যাঙ্ক/ আর্থিক প্রতিষ্ঠানের থেকে বিভিন্ন ট্রাস্টের ট্রাস্টি হিসাবে ক্রিয়ারত এআরসিআইএল সারফায়েসি অ্যাক্টের ৫ নং ধারাধীনে নিম্নবর্ণিত জামিনসমূহের স্বার্থ সমেত আর্থিক পরিসম্পদ(সমূহ) অধিগ্রহণ করেছে। মূল ঋণপ্রদানকারী সেকশন ১৩(২) অধীনে বিজ্ঞপ্তি জারি করা সারফায়েসি অ্যাক্টের প্রয়োগ করেছেন। আপনারা লোন বকেয়া প্রদানে ব্যর্থ হওয়ার কারণে সেকশন ১৩(৪) অধীনে বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল এবং পঞ্চনামার বিবরণ প্রদান করে সম্পত্তির বাস্তবিক দখল নেওয়া হয়েছে এবং সম্পত্তিতে অস্থাবরের বিশদ মজুত হিসাবে বিবৃত হয়েছে।

উক্ত সম্পত্তি দখলের সময়, উক্ত প্রেমিসেসে অনুমোদিত আধিকারিক কিছু অস্থাবর দফা খেয়াল করেছেন (বিশেষত ‘‘গৃহ সামগ্রী’’) ঋণগ্রহীতা/সহ ঋণগ্রহীতাকে নিম্নে বিবৃত তারিখগুলিতে তাদের সকল জানা ঠিকানায় স্পিড পোস্ট মাধ্যমে বিজ্ঞপ্তি প্রদান করে জামিনযুক্ত সম্পত্তিতে অস্থাবর দফা সমূহ সংগ্রহ/সরিয়ে ফেলতে বলা হয়েছিল। কিন্তু সেই প্রেক্ষিতে তারিখ পর্যন্ত তারা কোনও আবেদন জমা করেননি। সেই কারণে এই বিজ্ঞপ্তি মাধ্যমে ঋণগ্রহীতা/ সহ ঋণগ্রহীতাকে সর্বশেষ সুযোগ প্রদান করা হচ্ছে আরসিল–এর অনুমোদিত আধিকারিকের উপস্থিতিতে ও সম্মতি সহ প্রয়োজনীয় তথ্যভিত্তিক নথি সহ এই প্রকাশনার থেকে ৭ দিনের মধ্যে অস্থাবর দফাসমূহের দখল গ্রহণ করতে। অন্যথায় আরসিল ‘‘যেখানে যেমন আছে’’ ‘‘যা আছে তা আছে’’ ভিত্তিতে উক্ত অস্থাবর দফাসমূহের অকশন অনুষ্ঠিত করবেন নিম্নের সূচি অনুযায়ী এবং বিক্রির পরে কোনও ক্ষতির দাবি স্বীকৃত হবে না।

অ্যাকাউন্ট নম্বর/ বিক্রয়কারী ব্যাঙ্ক	অস্থাবর পরিসম্পদের বিবরণ	ট্রাস্টের নাম	স্পিড পোস্টের মাধ্যমে প্রেরিত অবগত করা নোটিসের তারিখ
KOLHL17000516 এবং KOLHL18000064 এল অ্যান্ড টি ফিনান্সিয়াল সার্ভিসেস	মজুত দফার তালিকা অনুসারে	আরসিল–রিটেল লোন পোর্টফোলিও–০৫৮–বি–ট্রাস্ট	১৪ জানুয়ারি, ২০২৫
ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতার নাম এবং সুরক্ষিত সম্পদের ঠিকানা **অমিত চৌধুরি/পুনম চৌধুরি/অমৃত ক্রিয়েশনস:** চতুর্থ তলে, উত্তর অংশে ফ্ল্যাট, সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ১৫৩০ বর্গফুট কমবেশি ১২০ বর্গফুট মাপের কার পার্কিং স্পেস সহ, প্রেমিসেস নং ১০৯৪, লস্করহাট দেব ব্যানার্জি রোড, থানা তিলজলা, জেলা দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা–৭০০০৩৯, পঃবঃ।			
KOLHL17000417 এল অ্যান্ড টি ফিনান্সিয়াল সার্ভিসেস	মজুত দফার তালিকা অনুসারে	আরসিল–রিটেল লোন পোর্টফোলিও–০৫৮–বি–ট্রাস্ট	১৪ জানুয়ারি, ২০২৫
ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতার নাম এবং সুরক্ষিত সম্পদের ঠিকানা **আশিস বসাক/পূর্ণলক্ষ্মী বসাক:** তিনতলা বাড়ি সহ জমির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ১১/১এ, রতন নিয়োগী লেন, কলকাতা–৭০০০০৪, থানা মানিকতলা, কলকাতা পুরসভার ওয়ার্ড নং ১৫।			
HL0011/HCAH00001087 ম্যাগমা ফিনকর্প লিমিটেড	মজুত দফার তালিকা অনুসারে	আরসিল–রিটেল লোন পোর্টফোলিও–০৪৬–এ–ট্রাস্ট	১৪ জানুয়ারি, ২০২৫
ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতার নাম এবং সুরক্ষিত সম্পদের ঠিকানা **মানিক খান (ঋণগ্রহীতা এবং শঙ্কর খানের আইনি উত্তরাধিকারী), শ্যামলী খান (শঙ্কর খানের আইনি উত্তরাধিকারী),** সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, জমি এবং নির্মাণ, মৌজা–কোন্নগর, জে এল নং ৭, তৌজি নং ১৭৩, রে সা নং ১৭৫৯, দাগ নং ৪০৪৩, খতিয়ান নং ৩৪০৮ (অধীনস্থ খতিয়ান নং ২৬০ কা), হোল্ডিং নং ৯৮, ক্রিপার রোড, থানা উত্তরপাড়া, জেলা হুগলি, পশ্চিমবঙ্গ।			
HF/0264/H/19/100134 গৃহম হাউজিং ফিনান্স লিমিটেড	মজুত দফার তালিকা অনুসারে	আরসিল–২০২৪সি–০০৫–ট্রাস্ট	১৪ জানুয়ারি, ২০২৫
ঋণগ্রহীতা/সহ–ঋণগ্রহীতার নাম এবং সুরক্ষিত সম্পদের ঠিকানা **শম্ভু চরণ দাস/সৌমেন দাস:** প্রায় ১২০ বর্গফুট কাঠামো সহ প্রায় ১৫ ডেসিমেল জমির বন্ধকী সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, অংশত আর এস ২, এল আর দাগ নং ৮৩, আর এস খতিয়ান নং ৯৪, এল আর খতিয়ান নং ১৪৫৯ (দলিল অনুসারে), বর্তমান এল আর খতিয়ান নং ১৫৭২ (খতিয়ান এবং প্লট ইনফর্মেশন অনুসারে), মৌজা শ্রীপুর, জে এল নং ৩৮, থানা জয়নগর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, শ্রীপুর গ্রাম পঞ্চায়েতের অধীন।			

স্বাঃ/–
স্থান: কলকাতা **অনুমোদিত আধিকারিক**
তারিখ: ২২.০৩.২০২৫ **অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড**

Arcil
অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড
CIN: U65999MH2002PLC134884 ; ওয়েবসাইট: www.arcil.co.in
রেজিস্টার্ড অফিস: দ্য রুবি, ফ্লোর নং ১০, ২৯, সেনাপতি বাপট মার্গ, দাদার (ওয়েস্ট), মুম্বই–৪০০০২৮। ফোন: +৯১ ২২ ৬৬৫৮১৩০০
ব্রাঞ্চের ঠিকানা: রুম নং ১০০১, ফ্লোর ১০, সিগনেট টাওয়ার, ডিএন ২, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা–৭০০০৯১, পশ্চিমবঙ্গ, ফোন: ০৩৩ ৪৮২২৬৬০৮

ডেটস রিকভারি ট্রাইবুনাল–৩, কলকাতা
ভারত সরকার
ফ্লোর নং ৮, ‘জীবন সুধা বিল্ডিং’, ৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা–৭০০০৭১
বিষয়: মামলা নং আরপি/৫০৭/২০১৯
(টিএ নং ১৬১১/২০১৫)
ইন্ডিয়া এসএমই অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিঃ
বনাম
সায়ন ঘোষ এবং অন্যান্য
বিক্রয় বিজ্ঞপ্তি

ই–নিলামের মাধ্যমে নিম্নলিখিত সম্পত্তি বিক্রির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী দ্বারা প্রদত্ত ১২.০৩.২০২৫ তারিখের আদেশ নং ২৭ অনুযায়ী এখানে নীচে দেওয়া বিশদ তথ্য অনুযায়ী আয়োজিত হবে:

স্থাবর সম্পত্তির বিবরণ:

সামান্য কমবেশি ৩ কাঠা ৩ ছটাক ২০ বর্গফুট জমির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, সার্ভে ইন্ডিয়া কো–অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর ব্লক বি এর স্কিম প্লট নং ২৭৫, জমি অথবা অংশ থেকে পৃথক করা এবং সীমানা চিহ্নিত প্রাচীর দ্বারা বেষ্টিত তার উপর বিল্ডিং সহ, মৌজা–সন্তোষপুর, জে এল নং ২২, তৌজি নং ১৫১, অংশত আর এস দাগ নং ২০০৭, আর এস খতিয়ান নং ১৪, থানা কসবা (বর্তমানে সার্ভে পার্ক থানা), সাব রেজিস্ট্রি অফিস আলিপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, বর্তমানে কলকাতা পুরনিগমের ওয়ার্ড নং ১০৯ এর অধীন এবং পরিচিত এবং চিহ্নিত প্রেমিসেস নং ৭৪৬, সার্ভে পার্ক, কলকাতা–৭০০০৭৫, উক্ত প্রেমিসেসের ব্যবহারকারীদের ভোগদখলের অধিকার এং কমন প্যাসেজ সহ যা বুক নং ২, ভলুম নং ২৮, পাতা ১৬২ থেকে ১৭৯ তে নথিভুক্ত ১৯৯৫ সালের দলিল নং ১৩৮২ তে যুক্ত ম্যাপ অথবা প্ল্যানে লাল কালির বর্ডার দ্বারা দেখানো এবং চিহ্নিত।

যার চৌহদ্দি: উত্তর: ড্রেন; দক্ষিণ: ২০ ফুট চওড়া রাস্তা; পূর্ব: প্লট নং বি ৫/২; পশ্চিম: ফাঁকা জায়গা।

সম্পত্তিটি নিম্নস্বাক্ষরকারী দ্বারা জারিকৃত ১২.০৩.২০২৫ তারিখের বিক্রয় ঘোষণাপত্রে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষে ‘যেখানে যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে।

এই বিক্রি আয়কর আইন, ১৯৬১–এর দ্বিতীয় তফসিল ও এর অধীনে রচিত বিধিসমূহে নির্ধারিত শর্তাবলি এবং নিম্নলিখিত অতিরিক্ত শর্তাবলি সাপেক্ষ হবে। তফসিলে নির্ধারিত লটে এই সম্পত্তি বিক্রি করা হবে। সম্পত্তির কোনও অংশের বিক্রয়মূল্য দিয়ে আদায়যোগ্য অর্থাঙ্ক মেটানো গেলে, বাকি অংশের প্রেক্ষিতে বিক্রি প্রক্রিয়াটি তৎক্ষণাৎ বন্ধ করে দেওয়া হবে।

সম্পত্তির স্থিরীকৃত সংরক্ষণ মূল্য হল **₹১,৪৮,৭০,০০০.০০ (এক কোটি আটচল্লিশ লক্ষ সত্তর হাজার টাকা মাত্র)।**

আগ্রহী ক্রেতারা তাঁদের দরপ্রস্তাবের সঙ্গে ‘The Recovery Officet, DRT-III, Kolkata’–এর অনুকূলে ও ‘Kolkata’–তে প্রদেয়মতে **₹১৪,৮৭,০০০.০০** অর্থমূল্যের ডিমান্ড ড্রাফ্ট রূপে বায়না **অর্থাঙ্ক (ইএমডি)** সংলগ্ন করে খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **২৮.০৪.২০২৫ তারিখ দুপুর ২টোর মধ্যে জমা দেবেন।** ওই খামের মধ্যে পূরণ করা বিড অ্যাপ্লিকেশন ফর্ম এবং সম্পত্তির বিশদ বিবরণ, প্যান কার্ডের প্রতিলিপি, ঠিকানা ও পরিচয়ের প্রমাণপত্রের প্রতিলিপি, ই–মেল আইডি, মোবাইল নম্বর এবং নিলামে অংশগ্রহণকারী সত্তা কোম্পানি হলে কোম্পানির প্রতিনিধি/ অ্যাটর্নি হওয়ার নিশ্চয়তা প্রদানকারী নথি এবং ইএমডি বাবদ ডিমান্ড ড্রাফ্ট বা টাকা জমা দেওয়ার রসিদ/ কাউন্টার ফাইল ভরে রিকভারি অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল–III, কলকাতা বরাবরে ট্রাইবুনালের ঠিকানায় হাতে করে বা রেজিস্টার্ড/ স্পিড পোস্টের মাধ্যমে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত সময়সীমার পরে জমা পড়া ইএমডি ই–নিলামে অংশগ্রহণের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবে না। ট্রাইবুনালের অফিসে বিড জমা পড়ার শেষ তারিখ ও সময় হল ২৮.০৪.২০২৫ দুপুর ২টো এবং বিড বাড়ানোর ন্যূনতম অর্থমূল্য হল নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১% অর্থাৎ, ₹১,৪৮,৭০০.০০।

বিক্রয় নিষ্পত্তির তারিখের পরবর্তী তারিখে দুপুর ২টো ৩০ মিনিটের মধ্যে ওপরে লেখা অ্যাকাউন্টে সফল বিডারকে বিক্রয়মূল্যের ২৫% (আগে জমা দেওয়া ইএমডি অর্থাঙ্ক সমন্বয়ক্রমে) জমা দিতে হবে। পরবর্তী তারিখটি কোনও ছুটির দিন বা রবিবার হলে, তার ঠিক পরের অফিস খোলা থাকার তারিখে এই অর্থাঙ্ক জমা দিতে হবে। বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক ক্রেতাকে জমা দিতে হবে সম্পত্তি বিক্রির তারিখ (এই তারিখটি বাদ দিয়ে) থেকে ১৫তম দিন বা তার আগে এবং এই ১৫তম তারিখটিও যদি কোনও ছুটির দিন বা রবিবার হয়, তাহলে তার ঠিক পরের অফিস খোলা থাকার তারিখে ওপরে নির্ধারিত উপায়ে এই অর্থাঙ্ক জমা দিতে হবে। ওপরে উল্লিখিত অর্থাঙ্ক ছাড়াও ক্রেতাকে পাউন্ডেজ ফি বাবদ ২% হারে সর্বাধিক ₹১,০০০/– এবং এর ওপরে ১% হারে সর্বাধিক ₹১,০০০/– + ₹২০০/– ‘Registrar, DRT-III, Kolkata’–র অনুকূলে ডিমান্ড ড্রাফ্টের মাধ্যমে জমা দিতে হবে।

অন্যায্য মনে হলে যে কোনও বা সমস্ত বিড গ্রহণ বা বাতিল করা কিংবা কোনও কারণ না দেখিয়ে যে কোনও পর্যায়ে নিলাম স্থগিত রাখার অধিকার নিম্নস্বাক্ষরকারীর থাকবে। ওপরে নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থাঙ্ক প্রদানে বিফলতার ক্ষেত্রে বিক্রির খরচাপাতি সমন্বয়ের পরে জমাকৃত অর্থাঙ্ক নিম্নস্বাক্ষরকারীর সিদ্ধান্ত অনুযায়ী সরকার বাজেয়াপ্ত করবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা সম্পত্তির ওপর কিংবা পরবর্তীতে সম্পত্তিটি যে মূল্যে বিক্রি করা হবে, তার ওপর বা এর কোনও অংশের ওপর কোনও দাবি জানাতে পারবেন না। এমন ক্ষেত্রে বিক্রির নতুন ঘোষণাপত্রে জারির পরে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে।

সম্পত্তি পরিদর্শনে আগ্রহী ক্রেতারা এই ব্যক্তির সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: **শ্রী অভয় কুমার সিং, চিফ ম্যানেজার, মোবাইল: ৭৯৮০৩৯৪৪৭৮, ই–মেল: abhay.singh@isarc.in**, ব্রাঞ্চের ঠিকানা: ইন্ডিয়া এসএমই অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড, প্রযত্নে– এসআইডিবিআই, ১১, ডাঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, ফ্লোর নং ৮, ‘এ’ উইং, কনস্ট্যানশিয়া বিল্ডিং, কলকাতা–৭০০০১৭। ব্যাঙ্ক আধিকারিকের সঙ্গে আগাম যোগাযোগ সাপেক্ষে ০৭.০৪.২০২৫ থেকে ১১.০৪.২০২৫ তারিখের মধ্যে যে কোনও কাজের দিনে সকাল ১১টা থেকে দুপুর ৩টের মধ্যে সম্পত্তিগুলি পরিদর্শন করা যেতে পারে।

ই–নিলামের নির্ধারিত তারিখ ও সময় হল **৩০.০৪.২০২৫ সকাল ১১টা থেকে দুপুর ১টা,** বিক্রি নিষ্পত্তি হওয়া পর্যন্ত প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের স্বতঃ মেয়াদ সম্প্রসারণে এবং বিডিং আয়োজিত হবে ‘অনলাইন ইলেকট্রনিক বিডিং’ উপায়ে মেসার্স ই–প্রোকিওরমেন্ট টেকনোলজিস প্রাঃ লিঃ–এর https://drt.auctiontiger.net ওয়েব পোর্টালের মাধ্যমে (ঠিকানা: বিজনেস স্পেস, বি–৭০৪, ওয়াল স্ট্রিট, ওরিয়েন্ট ক্লাবের বিপরীতে, গুজরাট কলেজের কাছে, এল্লিস ব্রিজ, আহমেদাবাদ–৩৮০০০৬, গুজরাট, যোগাযোগের ব্যক্তি: **মিঃ প্রবীণ কুমার থেবর, মোবাইল: ৯৭২২৭৭৮৮২৮/০৭৯৩৫২৬৭৫১৬, ই–মেল: praveen.thevar@auctiontiger.net, support@auctiontiger.net, হেল্পলাইন: ৯২৬৫৫৬২৮১৮/৯২৬৫৫৬২৮২১/৯২৬৫৫৬২৮১৯।**

উপরোক্ত নিলাম সম্পর্কিত বিশদ তথ্য, বিক্রির ঘোষণাপত্র, ই–নিলামের বিড ফর্ম, ডিক্লারেশন ফর্ম এবং বিডিংয়ের শর্ত ও নিয়মাবলি **https://www.drt.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।

এই ই–নিলাম পরিচালনার জন্য মনোনীত ব্যক্তি হলেন: **শ্রী অভয় কুমার সিং, চিফ ম্যানেজার, মোবাইল: ৭৯৮০৩৯৪৪৭৮, ই–মেল: abhay.singh@israc.in,** ব্রাঞ্চের ঠিকানা: ইন্ডিয়া এসএমই অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেড, প্রযত্নে– এসআইডিবিআই, ১১, ডাঃ ইউ এন ব্রহ্মচারী স্ট্রিট, ফ্লোর নং ৮, ‘এ’ উইং, কনস্ট্যানশিয়া বিল্ডিং, কলকাতা–৭০০০১৭।

আজ **১২.০৩.২০২৫** এখানে নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম।

(প্রদীপ কুমার মণ্ডল)
রিকভারি অফিসার,
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল–৩

‘ক্লিনশিটই আত্মবিশ্বাস জোগাচ্ছে দলকে’

আজকালের প্রতিবেদন

দেশের সেরা লেফট ব্যাক এখন শুভাশিস বসু। মোহনবাগান কোচ হোসে মোলিনা যেমন ওই পজিশনে শুভাশিস ছাড়া আর কারও কথা ভাবতে পারেন না, তেমন জাতীয় কোচ মানোলো মারকোয়েজেরও প্রথম পছন্দ তিনি। শিলঙের মাঠে মালদ্বীপের বিরুদ্ধে আন্তর্জাতিক প্রীতি ম্যাচে দেশের জার্সি গায়ে নিজের দক্ষতার প্রমাণ রেখেছেন শুভাশিস। তাঁর প্রতিক্রিয়া, ‘এই জয় দরকার ছিল। ১২ ম্যাচে জয় পাইনি আমরা। একটা দমবন্ধ করা পরিস্থিতির মধ্যে ছিলাম। তাই মালদ্বীপের বিরুদ্ধে জিততে মরিয়া ছিলাম সবাই। সেই লক্ষ্যে সফল হয়েছি। সুনীল ভাইয়ের অবসর ভেঙে ফেরা আমাদের দলে বাড়তি শক্তি ও সাহস জুগিয়েছে। বেশি ভাল লাগছে কোনও গোল না খেয়ে ম্যাচ জেতায়। মালদ্বীপের বিরুদ্ধে ক্লিনশিট রাখাটা আত্মবিশ্বাস জোগাচ্ছে। লক্ষ্য থাকবে ঘরের মাঠে বাংলাদেশের বিপক্ষেও ক্লিনশিট রেখে ম্যাচ জেতার। বাংলাদেশ ম্যাচটা খুবই গুরুত্বপূর্ণ। এই গ্রুপ থেকে এশিয়ান কাপে জিততে হলে ঘরের মাঠে পুরো পয়েন্ট পাওয়া জরুরি।’

মালদ্বীপ ম্যাচে সিনিয়র দলের হয়ে অভিষেক ঘটেছে গোলকিপার বিশাল কাইথের। ২০১৮ সাফ চ্যাম্পিয়নশিপে অনূর্ধ্ব ২৩ দলের হয়ে খেলার পর জাতীয় দলের জার্সি গায়ে চাপানোর সুযোগ পাননি সবুজ–মেরুনের বিশাল। সিনিয়র দলের হয়ে খেলার সুযোগ পেতে তাঁর লাগল ২৩৭৭ দিন। এই বিষয়ে বিশালের বক্তব্য, ‘৭ বছর পর সিনিয়র দলে প্রথমবার খেলার সুযোগ পাওয়া অবশ্যই স্মরণীয় ঘটনা। আগেরবার খেলেছিলাম সাফ চ্যাম্পিয়নশিপে অনূর্ধ্ব ২৩ ভারতীয় দলে। তখন বয়স ছিল ২১। সিনিয়র দলে খেলার সুযোগ পাওয়ার পাশাপাশি সুনীল ভাইয়ের সঙ্গে খেলাটা বড় প্রাপ্তি। আমি কখনও হাল ছাড়িনি। আশায় ছিলাম। একদিন না একদিন সুযোগ আসবেই। গুরপ্রীত আর অমরিন্দার পাজি–র মতো গোলকিপার ভারতীয় দলে থাকায় প্রথম একাদশে জায়গা পাওয়া সত্যি খুব কঠিন। সবসময় উৎসাহ ও পরামর্শ পেয়েছি ওদের কাছে। সেটাই কাজে লেগেছে। কোচ মানোলোর কাছে কৃতজ্ঞ। দায়িত্ব আরও বাড়ল। পরের ম্যাচে বাংলাদেশের বিরুদ্ধে সুযোগ পেলে সেরা দিতে ঝাঁপাব।’

শুভাশিস বসু

আইএসএলের ইতিহাসে সবুজ–মেরুন জার্সি গায়ে ৫৪টি ক্লিনশিট রাখার রেকর্ডের অধিকারী বিশাল। ইতিমধ্যেই গোল্ডেন গ্লাভস জিতেছেন। এবারও পাওয়া সময়ের অপেক্ষা। কিন্তু সেটাকে একার কৃতিত্ব ভাবতে নারাজ বিশাল। তাঁর মতে, এটা মিলিত প্রচেষ্টার ফল। মনে করেন, বাংলাদেশ ম্যাচেও সম্মিলিত ভাল খেলাটা দরকার। এদিকে মালদ্বীপে ম্যাচ চোট পাওয়া ব্রেন্ডন ফার্নান্ডেজের পরিবর্ত হিসেবে উদান্ত সিং–কে ভারতীয় দলে ডেকে নিলেন মোলিনা।